অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মাননীয় হেক্টর ডি. লাস্যালকে নিউ ইয়র্ক স্টেটের আপিল কোর্টের প্রধান বিচারপতি হিসেবে মনোনীত করলেন

একজন বিশেষজ্ঞ জুরিস্ট, লাস্যাল ঐক্যমত্য গঠন এবং ন্যায়বিচার পাওয়ার সুযোগ বৃদ্ধি করার ক্ষেত্রে অধিক অভিজ্ঞতা নিয়ে আসছেন

মাননীয় এডউইনা জি. রিচার্ডসন-মেন্ডেলসন প্রধান প্রশাসনিক বিচারপতির দায়িত্ব পালন করবেন

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক সুপ্রিম কোর্টের (New York Supreme Court) দ্বিতীয় বিভাগের (Second Department) সভাপতি বিচারক, মাননীয় হেক্টর ডি. লাস্যালকে নিউ ইয়র্ক আপিল কোর্টের (New York State Court of Appeal) পরবর্তী প্রধান বিচারপতি হিসেবে মনোনীত করেছেন। প্রধান বিচারপতি হিসেবে, লাস্যাল নিউ ইয়র্কের সর্বোচ্চ আদালতের এবং স্টেটের সম্পূর্ণ বিচার বিভাগের নেতৃত্ব দিবেন। পাশাপাশি, সিনেট কর্তৃক নিশ্চিত হওয়ার পর প্রধান প্রশাসনিক বিচারপতি হিসেবে মাননীয় জি. রিচার্ডসন-মেন্ডেলসনকে নিয়োগ প্রদানের বিচারপতি লাস্যালের উদ্দেশ্যের প্রতি গভর্নর হোকল নিজের শক্ত সমর্থন জানিয়েছেন। প্রধান প্রশাসনিক বিচারপতি স্টেটব্যাপী আদালত ব্যবস্থার প্রতিদিনের কার্যক্রম তত্ত্বাবধান করেন।

"নিউ ইয়র্ক আপিল কোর্টের ন্যায়বিচারের মশাল হয়ে থাকার দীর্ঘ ইতিহাস আছে এবং বিচারপতি লাস্যাল সেই ঐতিহ্যের একজন দুর্দান্ত জুরিস্ট। আমাদের সর্বোচ্চ আদালতকে পুরো দেশের নেতা হিসেবে নিশ্চিত করার মতো দক্ষতা, অভিজ্ঞতা, ও বুদ্ধিমত্তা তার রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "বিচারপতি লাস্যালের ঐক্যমত্য গঠনকারী হিসেবে দুর্দান্ত সুনাম রয়েছে, এবং আমি জানি তিনি ন্যায়বিচারের সেবায় আদালতকে একত্রিত করতে পারবেন। তিনি কার্যকরভাবে দেশের সর্ববৃহৎ স্টেট আপিল কোর্টের নেতৃত্ব দিয়েছেন, এবং আমি জানি যে বিচারপতি রিচার্ডসন-মেন্ডেলসনের সাথে অংশীদারিত্বে তিনি নিউ ইয়র্কবাসীর জন্য ন্যায়বিচার পাওয়ার সুযোগ সম্প্রসারণ করায় মনোযোগ দিবেন। আমাদের অধিকার রক্ষা করতে এবং নিউ ইয়র্কের মূল্যবোধ বহাল রাখার জন্য স্টেটের আদালতগুলি এখন অন্য যেকোনো সময়ের থেকে বেশি গুরুত্বপূর্ণ, এবং আমি জানি বিচারপতি লাস্যাল ঠিক তাই করার জন্য আদালতের নেতৃত্ব দিবেন।"

আমি গভর্নর হোকলের মনোনয়ন পেয়ে বিনীত হয়েছি, এবং এই অসাধারণ সম্মানের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি।" আমি সততা ও ন্যায্যতার সাথে কোর্টের নেতৃত্ব দিতে, ন্যায়বিচার বহাল রাখতে, এবং নিউ ইয়র্কবাসীদের অধিকার রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ," **বিচারপতি লাস্যাল বলেন।** "নির্বাচন নিশ্চিত হলে, আমার পরিকল্পনা হলো মাননীয় এডউইনা জি রিচার্ডসন-মেন্ডেলসনকে প্রধান প্রশাসনিক বিচারপতি হিসেবে নিয়োগ দান করা, এবং আমি আমাদের আদালতগুলিকে সকল নিউ ইয়র্কবাসীর কল্যাণের জন্য যত বেশি সম্ভব কার্যকর ও দক্ষ করার চেষ্টায় তার সাথে কাজ করতে পেরে সম্মানিত বোধ করবো।"

2021 সাল থেকে দ্বিতীয় বিভাগের সভাপতি বিচারপতি হিসেবে বিচারপতি লাস্যাল দেশের ব্যস্ততম ও সর্ববৃহৎ স্টেট আপিল কোর্টের নেতৃত্ব দিয়েছেন, যেখানে 21জন সহযোগী বিচারপতি, 400-র বেশি ননজুডিশিয়াল কর্মচারী, এবং আনুমানিক 69 মিলিয়ন মার্কিন ডলার বাজেট রয়েছে। 2008 সালে একজন নিউ ইয়র্ক সুপ্রিম কোর্ট বিচারপতি হিসাবে নির্বাচিত হওয়ার পর, তাকে 2014 সালে দ্বিতীয় বিভাগের সহযোগী বিচারপতি হিসেবে নিয়োগ দেওয়া হয়।

এর পূর্বে, বিচারপতি লাস্যাল সাফোক কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসে (Suffolk County District Attorney's Office) একজন সহকারী ডিস্ট্রিক্ট অ্যাটর্নি (District Attorney, DA) হিসেবে কাজ করেছেন 1993 থেকে 1998 পর্যন্ত, এবং 2002 থেকে 2008 পর্যন্ত, যখন তিনি বিশেষ তদন্ত ব্যুরোর (Special Investigation Bureau) ডেপুটি ব্যুরো প্রধান ছিলেন। DA-র অফিসে তার দায়িত্বকালের মধ্যে, 1998 থেকে 1999 পর্যন্ত তিনি রাসকিন মস্কো ফ্যালটিশেক পিসির (Ruskin Moscou Faltishek, P.C.) একজন সহযোগী হিসেবে এবং 1999 থেকে 2002 পর্যন্ত একজন সহকারী অ্যাটর্নি জেনারেল হিসেবে কাজ করেছেন।

নির্বাচন নিশ্চিত হলে, বিচারপতি লাস্যাল প্রথম ল্যাটিনো প্রধান বিচারপতি হিসেবে ইতিহাস তৈরি করবেন। তার পিতামাতার জন্ম হয়েছিলো পুয়ের্তো রিকোতে এবং তিনি বড় হয়েছেন লং আইল্যান্ডে, গ্র্যাজুয়েট করেছেন ব্রেন্টউড হাই স্কুল (Brentwood High School) থেকে এবং তার পরিবারের প্রথম সদস্য হিসেবে একটি কলেজ ডিগ্রি অর্জন করেছেন। বিচারপতি লাস্যাল 1990 সালে পেনসিলভ্যানিয়া স্টেট ইউনিভার্সিটি (Pennsylvania State University) থেকে একটি ব্যাচেলর ডিগ্রি এবং 1993 সালে মিশিগান ইউনিভার্সিটি ল স্কুল (University of Michigan Law School) থেকে তার আইন ডিগ্রি অর্জন করেন। তিনি নিউ ইয়র্ক স্টেটের বার অ্যাসোসিয়েশন (New York State Bar Association), সাফোক কাউন্টি বার অ্যাসোসিয়েশন (Suffolk County Bar Association), NYS ল্যাটিনো বিচারপতির অ্যাসোসিয়েশন (NYS Latino Judges Association) এবং পুয়ের্তো রিকো বার অ্যাসোসিয়েশনের (Puerto Rico Bar Association) একজন সদস্য।

মাননীয় এডউইনা জি. রিচার্ডসন-মেন্ডেলসন 2017 সাল থেকে নিউ ইয়র্কের একত্রিত আদালত ব্যবস্থার (New York Unified Court System) ন্যায়বিচার উদ্যোগের ডেপুটি প্রধান প্রশাসনিক বিচারপতি হিসেবে এবং ক্লেইম কোর্টের (Court of Claims) বিচারক হিসেবে দায়িত্ব পালন করছেন। সেই ভূমিকায়, তিনি দেওয়ানি, ফৌজদারি ও পারিবারিক কোর্টে, উপার্জন, প্রেক্ষাপট বা সক্ষমতা নির্বিশেষে সকল নিউ ইয়র্কবাসীর জন্য ন্যায়বিচারের অর্থপূর্ণ সুযোগ নিশ্চিত করতে কাজ করেছেন। এছাড়াও বিচারপতি রিচার্ডসন-মেন্ডেলসন আদালত ব্যবস্থায় বর্ণবাদ সংক্রান্ত পক্ষপাতের বিষয়ে সমান ন্যায়বিচারের বিশেষ উপদেষ্টা, জেহ জনসনের সুপারিশ বাস্তবায়ন

করতে কোর্ট উদ্যোগের সমান ন্যায়বিচারের নেতৃত্ব প্রদান করেন, এবং সেই সাথে নিউ ইয়র্ক স্টেটের আদালতসমূহে লিঙ্গ সমতা উন্নত করতে আদালতে নারীদের স্টেট জুডিশিয়াল কমিটির (New York State Judicial Committee on Women) সুপারিশ বাস্তবায়নের নেতৃত্ব প্রদান করেন। বিচারপতি রিচার্ডসন-মেন্ডেলসনকে 2017 সালে ক্লেইম কোর্টে নিয়োগ দেওয়া হয় এবং তিনি এখনো বেঞ্চে সক্রিয় আছেন। বিচারপতি রিচার্ডসন-মেন্ডেলসন প্রথম আদালত ব্যবস্থায় যোগদান করেন কুইন্স কাউন্টি পারিবারিক আদালতের (Queens County Family Court) একজন কোর্ট-অ্যাটর্নি রেফারি হিসেবে, এর পূর্বে তিনি নিউ ইয়র্ক সিটি আবাসন আদালত (New York City Housing Court) পারিবারিক আদালত, এবং সুপ্রিম কোর্টে মক্কেলদের প্রতিনিধিত্ব করেছেন। তিনি 2003 সালে একজন পারিবারিক আদালতের বিচারক, 2008 সালে কুইন্স কাউন্টি সুপারভাইজিং পারিবারিক আদালতের বিচারক, এবং এক বছর পর পদোন্নতি পেয়ে নিউ ইয়র্ক সিটি পারিবারিক আদালতের প্রশাসনিক বিচারপতি হন। বিচারপতি রিচার্ডসন-মেন্ডেলসন নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (New York City University, CUNY) ল স্কুল থেকে গ্র্যাজুয়েট করেছেন, ফৌজদারি ন্যায়বিচারে তার একটি পিএইচডি রয়েছে, এবং তিনি জন জে ক্রিমিনাল জাস্টিস কলেজ (John Jay College of Criminal Justice) এবং হফস্ট্রা ল স্কুলের (Hofstra Law School) একজন অ্যাডজাঙ্কট অধ্যাপক।

আপিল কোর্টের প্রধান বিচারপতি নির্বাচনের প্রক্রিয়াটি সংবিধি দ্বারা পরিচালিত হয় এবং এর নেতৃত্ব দেয় জুডিশিয়াল মনোনয়ন কমিশন (Commission on Judicial Nomination)। কমিশন গভর্নরকে সাতজন প্রার্থীর একটি তালিকা প্রেরণ করে, যার থেকে তাকে একজন প্রার্থীকে মনোনীত করতে হয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন